


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫




স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩. ২৪৫

তারিখঃ ১০/১০/২০২১খ্রিঃ

বিষয়: সুফলভোগী সদস্যের কাছ থেকে আদায়কৃত ঋণের কিস্তি ও সঞ্চয়ের অর্থ জমা সংক্রান্ত তথ্য তাঁর ব্যক্তিগত মোবাইলে এসএমএস এর মাধ্যমে অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'র মাঠসংগঠক কর্তৃক সদস্যদের কাছ থেকে আদায়কৃত ঋণের কিস্তি ও সঞ্চয়ের অর্থ ব্যাংক হিসাবে জমা হয়েছে কিনা তা সুফলভোগী সদস্যের অবহিত হওয়ার সুযোগ থাকে না। ফলে মাঠসংগঠক কর্তৃক সুফলভোগী সদস্য হতে আদায়কৃত অর্থের আংশিক/সম্পূর্ণ জমা না দিয়ে অর্থ আত্মসাত/হস্তমজুদ করার ঘটনা ঘটে। তাছাড়া এক সমিতির সদস্যদের কাছ থেকে আদায়কৃত অর্থ অন্য সমিতির বিপরীতে জমা দেখিয়ে সবসময় নিজের কাছে অর্থ গচ্ছিত রাখার চেষ্টা করে পরবর্তীতে আত্মসাত করে। কর্মসূচির এরূপ আর্থিক বিশৃঙ্খলা রোধকল্পে এসএমএস সার্ভিস চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এর ফলে মাঠসংগঠক কর্তৃক অর্থ আদায় করে অফিসে/ব্যাংকে জমা করে সফটওয়্যারে পোষ্টিং দেয়ার সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে সুফলভোগী সদস্যের ব্যক্তিগত মোবাইলে এসএমএস যাওয়ার সুযোগ সৃষ্টি হবে। এসএমএস এর মাধ্যমে সুফলভোগী সদস্যগণ তাঁদের অর্থ জমার বিষয়ে নিশ্চিত হতে পারবেন এবং কম/আংশিক জমা হলে কর্মসূচির উপজেলা দপ্তরে যোগাযোগ করার সুযোগ প্রসারিত হবে। তাই সুফলভোগী সদস্যের যে মোবাইল নম্বরটি ইতোমধ্যে সফটওয়্যারে এন্ট্রি দেয়া হয়েছে তা পুনরায় যাচাই করা প্রয়োজন।

এমতাবস্থায়, সফটওয়্যারে সুফলভোগী সদস্যের যে ব্যক্তিগত মোবাইল নম্বরটি রয়েছে তাঁর সঠিকতা যাচাই করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রাথমিকভাবে ঋণী সদস্যদের ঋণ বিতরণকালে তাঁর ব্যক্তিগত মোবাইল নম্বরটি যাচাইপূর্বক সংশোধন করা যেতে পারে।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোনঃ ০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি, উপজেলাঃ------(কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ ----(কর্মসূচিভুক্ত সকল জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৪. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ------(কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৬. হিসাব সহকারী/মাঠসংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ------(কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৭. অফিস নথি।